

এসএসসি ও সমমান পরীক্ষা পরিদর্শনে ময়মনসিংহ শিক্ষা বোর্ড চেয়ারম্যান

ময়মনসিংহ (বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

ময়মনসিংহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক মোঃ আবু তাহের আজ বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) সকালে ময়মনসিংহে অনুষ্ঠিত এসএসসি ও সমমান পরীক্ষা-২০২৪ পরিদর্শন করেছেন। এ সময় তিনি নগরীর ময়মনসিংহ জিলা স্কুল, মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয়, সানফ্লাওয়ার আইডিয়াল হাই স্কুলসহ বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

পরিদর্শনকালে চেয়ারম্যান পরীক্ষা চলমান কেন্দ্রসমূহের বিভিন্ন কক্ষে প্রবেশ করেন ও কেন্দ্রসমূহে উপস্থিত শিক্ষক ও শিক্ষার্থীদের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। এ সময় পরীক্ষা কেন্দ্রের পরিবেশ ও শৃঙ্খলা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সবার কাছে সহযোগিতা কামনা করেন তিনি। পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাম্মদ খাতুন, মাউশি'র ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের কর্মকর্তাগণ, জেলা প্রশাসনের কর্মকর্তাগণ, আঞ্চলিক তথ্য অফিসের কর্মকর্তাগণ।

ময়মনসিংহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান এর দেয়া তথ্য মতে জানা যায়, ময়মনসিংহ বিভাগের ১৫৫টি কেন্দ্রে এসএসসি ও সমমান পরীক্ষা- ২০২৪ অনুষ্ঠিত হচ্ছে। ময়মনসিংহ বোর্ডের আওতায় জেলাগুলোর মধ্যে ময়মনসিংহ জেলায় ৫২ হাজার ৭৯১ জন, জামালপুর জেলায় ২৯ হাজার ৭২১ জন, নেত্রকোনা জেলায় ২২ হাজার ৩২৮ জন, শেরপুর জেলায় ১৫ হাজার ৪৯৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। এতে ৪টি জেলায় সর্বমোট পরীক্ষার্থী সংখ্যা ১ লক্ষ ২০ হাজার ৩৩৫ জন। যার মধ্যে পুরুষ পরীক্ষার্থীর সংখ্যা ৬১ হাজার ১৩৭ জন এবং মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ৫৯ হাজার ১৯৮ জন। আরো জানা যায়, বিজ্ঞান বিভাগে ৪৩ হাজার ৪০৩ জন, মানবিক বিভাগে ৭০ হাজার ৫২৮ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৬ হাজার ৪০৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ময়মনসিংহ জেলা প্রশাসক জানান, পূর্ব ঘোষিত নির্দেশনা অনুযায়ী ১৩ ফেব্রুয়ারি ২০২৪ হতে ১২ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত ময়মনসিংহ জেলা ও উপজেলায় অবস্থিত সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পরীক্ষা সুষ্ঠুর স্বার্থে বিষয়টি প্রশাসনের নজরদারিতে রয়েছে।

#

রেজডী/মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/২০২৪/১৪:৩০ ঘন্টা